

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮২৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩৭. স্বরব ক্বিরাআতের সালাতে (মুক্তাদীর) সূরাহ্ ফাতিহা পাঠ যে অপছন্দ করে

بَابُ مَنْ كَرِهَ الْقِرَاءَةَ بِفَاتِحَةِ الْكِتَابِ إِذَا جَهَرَ الْإِمَامُ

আরবী

حَدَّثَنَا مُسَدَّة، وَأَحْمَدُ بْنُ مُحَمَّدِ الْمَرْوَزِيُّ، وَمُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي خَلَف، وَعَبْدِ اللَّهِ بْنِ مُحَمَّدِ الزُّهْرِيِّ، وَابْنِ السَّرْحِ، قَالُوا: حَدَّثَنَا سُفْيَانُ، عَنِ الزُّهْرِيِّ، سَمِعْتُ ابْنَ أَكْيْمَةَ، يُحَدِّثُ سَعِيدَ بْنَ الْمُسَيِّبِ، قَالَ: سَمِعْتُ أَبًا هُريْرَةَ، يَقُولُ: صَلِّى بِنَا رَسُولُ اللَّهِ صلي للله عليه وسلم صَلَاةً نَظُنُ أَنَّهَا الصَّبْحُ بِمَعْنَاهُ إِلَى قَوْلِهِ: مَا لِي أُنْازَعُ الْقُرْآن، قَالَ مُسَدَّدٌ فِي حَدِيثِهِ: قَالَ مَعْمَرٌ: فَانْتَهَى النَّاسُ عَنِ الْقِرَاءَةِ فِيمَا جَهَرَ بِهِ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم، وَقَالَ ابْنُ السَّرْحِ فِي حَدِيثِهِ: قَالَ مَعْمَرٌ: عَنِ الزُّهْرِيِّ، قَالَ أَبُو هُرَيْرَةَ: فَانْتَهَى عليه وسلم، وَقَالَ ابْنُ السَّرْحِ فِي حَدِيثِهِ: قَالَ مَعْمَرٌ: عَنِ الزُّهْرِيِّ، قَالَ أَبُو هُرَيْرَةَ: فَانْتَهَى عليه وسلم، وَقَالَ ابْنُ السَّرْحِ فِي حَدِيثِهِ: قَالَ مَعْمَرٌ: عَنِ الزُّهْرِيِّ، قَالَ أَبُو هُرَيْرَةَ: فَانْتَهَى النَّاسُ، وَقَالَ عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدُ النَّهُرِيُّ: مِنْ بَيْنِهِمْ، قَالَ سُفْيَانُ: وَتَكَلَّمَ الزُّهْرِيُّ بِكَلُمَةٍ لِللَّاسُ، وَقَالَ مَعْمَرٌ: إِنَّهُ قَالَ: فَانْتَهَى عَنِ الزُّهْرِيِّ، وَلَوْهُ الْمُسْلِمُونَ بِذِلِكَ فَلَمْ يَكُونُوا يَقْرَءُونَ مَعَهُ فِيما جَهَرَ بِهِ صلى الله عليه وسلم

_ صحیح

قَالَ أَبُو دَاوُدَ: سَمِعْت مُحَمَّدَ بْنَ يَحْيَى بْنِ فَارِسٍ، قَالَ: قَوْلُهُ: فَانْتَهَى النَّاسُ مِنْ كَلَامِ الزُّهْرِيِّ النَّاسُ مِنْ كَلَامِ

বাংলা



৮২৭। সাঈদ ইবনুল মুসাইয়্যাব (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি আবৃ হুরাইরাহ (রাঃ)-কে বলতে শুনেছিঃ একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে নিয়ে সালাত আদায় করেন। সম্ভবতঃ তা ফজরের সালাত। অতঃপর পূর্ববর্তী হাদীসের অনুরূপ উল্লেখ করে 'আমার কুরআন পাঠে কিসে বিঘ্ন সৃষ্টি হলো' এই পর্যন্ত বর্ণনা করেন।

ইমাম আবৃ দাউদ (রহঃ) বলেন, মুসাদ্দাদ তাঁর বর্ণিত হাদীসে উল্লেখ করেন যে, মা'মার বলেন, অতঃপর লোকেরা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর স্বরব কিরাত সম্পন্ন সালাতে কিরাত পাঠ হতে বিরত থাকেন। ইবনুস সার্হ তার বর্ণিত হাদীসে বলেন যে, মা'মার যুহরী সূত্রে বলেন, আবৃ হুরাইরা (রাঃ) বলেন, অতঃপর লোকেরা কিরাত হতে বিরত থাকেন। আর 'আব্দুল্লাহ ইবনু মুহাম্মাদ আয-যুহরীর বর্ণনায় بُنْ يَنْ يُنْ الله শব্দের উল্লেখ আছে। বর্ণনাকারী সুফিয়ান বলেন, ইমাম যুহরী এমন কিছু কথা বলেছেন যা আমি শুনিনি। তখন মা'মার বলেন, তিনি বলেছেন, অতঃপর লোকেরা বিরত থাকেন।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন যে, হাদীসটি 'আবদুর রহমান ইবনু ইসহাক ইমাম যুহরী সূত্রে الْقُرْآنَ الْمُؤْمِنَ الْعُرْقَالِيَّ الْمُلْعُلِمِ اللْعُرْقَالِيَّةُ لِلْعُرْآنَ الْمُؤْمِنِ الْقُلْقُونَ الْقُرْقُ الْقُرْقُ الْمُؤْمِنَ الْقُرْقُ الْمُؤْمِنَ الْمُؤْمِنَ الْقُرْقُ الْمُؤْمِنَ الْمُؤْمِنَ الْمُؤْمِنَ الْمُؤْمِنَ الْمُؤْمِنَ الْمُؤْمِنِي الْمُؤْمِنِينَ الْمُؤْمِنِ الْمُؤْمِنِينَ الْمُؤْمِنِينَ الْمُؤْمِنِ الْمُؤْمِنِينَ الْمُؤْمِنِينَ الْمُؤْمِنِينَ الْمُؤْمِنِينَ الْمُؤْمِنِينَ الْمُؤْمِنِينَ الْمُؤْمِنِينَ الْمُؤْمِنِينَ الْمُؤْمِنِينَ الْمُؤْمِنِينَا لِلْمُؤْمِنِينَ الْمُؤْمِنِينَ الْمُؤْمِنِينَالِينَالِينَالِينَالِينَالِينَالِينَالِينَالِينَالِينَالَ الْمُؤْمِنِينَالِيلَالِي

সহীহ।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, আমি মুহাম্মাদ ইবনু ইয়াহইয়াহ ইবনু ফারিসকে বলতে শুনেছি যে, ''অতঃপর লোকেরা ইমামের পিছনে কিরাত পাঠ হতে বিরত থাকেন'' কথাটুকু ইমাম যুহরীর।

English

Abu Hurairah said:

The Messenger of Allah (ﷺ) led us in prayer, that was, we think, the dawn prayer, He further narrated this tradition up to the words "what is the matter with me that I have been contended with in (the recitation of) the Qur'an."

Abu Dawud said: Musaddad in his tradition said that Ma'mar said: The people ceased to recite (the Qur'an) at the prayer in which the Messenger of Allah (ﷺ) recited aloud. Ibn al-Sarh said in his version that Ma'mar reported from al-Zuhri on the authority of Abu Hurairah. Then the people ceased (to recite behind the imam). Another version says: Sufyan said: Al-Zuhri spoke a word that I could not hear. Then Ma'mar said: He said: Then people ceased (to recite the Qur'an)

Abu Dawud said: This tradition has been narrated by 'Abd al-Raman b. Ishaq



on the authority of al-Zuhri. This version ends at the words: "What is the matter with me that I am contended with in (the recitation of) the Qur'an. Al-Awza'i also narrated it on the authority of al-Zuhri. This version has: Al-Zuhri said: The Muslims took lesson from that and thenceforth they did not recite (the Qur'an) at the prayer in which he (the Prophet) recited aloud.

Abu Dawud said: I heard Muhammad b. Yaya b. Faris say: The words "the people ceased to recite (the Qur'an)" is a statement of al-zuhri.

ফুটনোট

[1] আহমাদ (২/২৪০) আমাদের নিকট হাদীস বর্ণনা করেছেন সুফয়ান, যুহরী সূত্রে। আহমাদ শাকির বলেন, এর সন্দ সহীহ।

হাদীস থেকে শিক্ষাঃ ইমামের পিছনে মুক্তাদীগণ সূরাহ ফাতিহা নিঃশব্দে পাঠ করবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন